

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০১.০০৩.২০.৩৪৩

তারিখ: ০৭ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
২১ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের নিমিত্ত শিক্ষকের শূন্যপদের তালিকা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর আওতায় বর্তমানে সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলছে। ইতোমধ্যে গত ৩০ ও ৩১ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখে প্রিলিমিনারি পরীক্ষা গ্রহণ করা হয়েছে এবং ফলাফল ঘোষণা করা হয়েছে। বর্তমানে ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষা গ্রহণের প্রক্রিয়া চলছে। বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত) এর বিধি ৯ এর উপবিধি ২(খ) অনুযায়ী “এলাকা, বিষয় ও পদ-ভিত্তিক নিরূপিত শিক্ষকের শূন্য পদের ভিত্তিতে প্রয়োজনীয়তা অনুযায়ী ঐচ্ছিক বিষয়ে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর সংখ্যা নির্ধারণ করতে হবে”। সে মোতাবেক চলমান সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০২০ এর লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী ঘোষণার নিমিত্ত তাঁর জেলার শূন্যপদের তথ্য জানা প্রয়োজন।


এমতাবস্থায় তাঁর জেলার আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এনটিআরসিএ'র আওতায় ৪র্থ গণবিজ্ঞপ্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পদসমূহ বাদ দিয়ে ৩০ এপ্রিল, ২০২৩ তারিখ পর্যন্ত যেসকল পদ শূন্য হবে তার বিষয়ভিত্তিক তালিকার হার্ডকপি সংযুক্ত ছক মোতাবেক এনটিআরসিএ'র কার্যালয়ে এবং সফটকপি MS Excel-এ ইংরেজিতে টাইপ করে ফ্যাক্স নম্বর ০২-৪১০৩০০৪৯ ও ই-মেইল office@ntrca.gov.bd যোগে আগামী ১৩ এপ্রিল, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) কপি।

প্রাপক:

জেলা শিক্ষা অফিসার,
কক্সবাজার/ কিশোরগঞ্জ/ কুমিল্লা/ কুষ্টিয়া/ কুড়িগ্রাম/ খাগড়াছড়ি/
খুলনা/ গাইবান্ধা/ গাজীপুর/ গোপালগঞ্জ/ চাঁদপুর/ চাঁপাইনবাবগঞ্জ/
চট্টগ্রাম/ চুয়াডাঙ্গা/ জামালপুর/ জয়পুরহাট/ ঝালকাঠি/ ঝিনাইদহ/
টাঙ্গাইল/ যশোর/ ঠাকুরগাঁও/ ঢাকা/ দিনাজপুর/ নওগাঁ/ নাটোর/
নারায়নগঞ্জ/ নীলফামারী/ নেত্রকোনা/ নোয়াখালী/ নরসিংদী/ নড়াইল/
পাবনা/ পিরোজপুর/ পঞ্চগড়/ পটুয়াখালী/ ফেনী/ ফরিদপুর/ বগুড়া/
বাগেরহাট/ বান্দরবান/ বরগুনা/ ব্রাহ্মণবাড়িয়া/ বরিশাল/ ভোলা/
মাগুড়া/ মাদারীপুর/ মানিকগঞ্জ/ মেহেরপুর/ মৌলভীবাজার/ মুন্সীগঞ্জ/
ময়মনসিংহ/ রংপুর/ রাঙ্গামাটি/ রাজবাড়ী/ রাজশাহী/ লক্ষ্মীপুর/
লালমনিরহাট/ শেরপুর/ শরীয়তপুর/ সাতক্ষীরা/ সিরাজগঞ্জ/ সিলেট/
সুনামগঞ্জ/ হবিগঞ্জ।


(মোঃ আবদুর রহমান)
পরিচালক (উপসচিব)
(পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২৪

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০১.০০৩.২০.৩৪৩/১(৩)

তারিখ: ০৭ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
২১ মার্চ, ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সদস্য (প্রশাসন ও অর্থ)/(পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)/(শিক্ষাতন্ত্র ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা।
৩. জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা)।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা শিক্ষা অফিসারের কার্যালয়

ঠাকুরগাঁও

E-mail: thakurgaondeo2008@yahoo.com



তারিখ: ০২/০৪/২০২৩ খ্রি.

অফিস স্মারক নম্বর ৩৭.০২.৯৪০০.০০০.০২.০০১.১৯.২২০/০৬)

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।


০২। পরিচালক, (কেলেজ ও প্রশাসন/মাধ্যমিক/মনিটরিং অ্যান্ড ইন্ডালুয়েশান উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।


০৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।

০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর/বালিয়াডাঙ্গী/পীরগঞ্জ/রাণীশংকৈল/হরিপুর, ঠাকুরগাঁও। পত্রের নির্দেশনার আলোকে তাঁর উপজেলাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এনটিআরসিএ'র আওতায় ৪র্থ গণবিজ্ঞপ্তিতে প্রাথমিকভাবে নির্বাচিত পদসমূহ বাদ দিয়ে ৩০ এপ্রিল ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত যে সকল পদ শূন্য হবে তাঁর বিষয়ভিত্তিক পদের তালিকা সংযুক্ত ছক মোতাবেক আগামী ১২/০৪/২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫। উপজেলা একাডেমিক সুপারভাইজার, সকল (ঠাকুরগাঁও)। (উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ)।

০৬। অফিস নথি।


(খন্দকার মোঃ আলাউদ্দীন আল আজাদ)
জেলা শিক্ষা অফিসার
ঠাকুরগাঁও
ফোন: ০২৫৮৯৯৩১২৬৫


02/08/26